

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি কার্য
বাংলাদেশ বেতার
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

নং-১৫.৫৩.০০০০.৩০১.০৭.০১১.১৭. ১২৯৬

তারিখ : ২৪/৭/২০১৭

বিষয়ঃ অভ্যন্তরীণ ক্রয় ও মেরামত কাজের জন্য স্থানীয় সরবরাহকারী ও ঠিকাদারী প্রতিষ্ঠান নতুন ভাবে তালিকাভুক্তিকরণ এবং বিদ্যমান (পুরনো) ঠিকাদারগণের নবায়নের বিজ্ঞপ্তি।

বাংলাদেশ বেতার, ঢাকার উন্নয়ন প্রকল্পের উন্নয়ন খাত এবং সংরক্ষণ অনুবিভাগ, বাংলাদেশ বেতার, ঢাকার রাজস্ব খাতের আওতাধীন সাধারণ সরবরাহ, পূর্ত এবং বৈদ্যুতিক মেরামত ও সংরক্ষণ কাজ সম্পাদনের নিমিত্ত ২০১৭-২০১৮ অর্থ বছরের জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে প্রকৃত ব্যবসায়ী সরবরাহকারী ও ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট থেকে নির্ধারিত ফরমে তালিকাভুক্তির আবেদন আহ্বান করা যাচ্ছে।

ক) আর্থহী প্রতিষ্ঠানসমূহ মহাপরিচালক, বাংলাদেশ বেতারের অনুকূলে ১/৩৩৫১/০০০০/২৩৬৬ হিসাব খাতে ট্রেজারী চালানোর মাধ্যমে নতুন প্রতিষ্ঠান ১,০০০/- (এক হাজার) টাকা এবং বিদ্যমান (পুরনো) প্রতিষ্ঠান ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) জমা দিয়ে অফিস চলাকালীন সময়ে কারিগরি কার্য, বাংলাদেশ বেতার, শেরেবাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭ (৩য় তলা) হতে তালিকাভুক্তির তফসীল/আবেদন পত্র সংগ্রহ করা যাবে।

খ) তফসীল/আবেদন পত্র ফরম আগামী ১১/০৭/২০১৭ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে সংগ্রহ করা যাবে এবং ১২/০৭/২০১৭ তারিখ বেলা ১২.০০ ঘটিকা পর্যন্ত অত্র দপ্তরের হিসাব শাখায় আবেদন ফরম জমা নেওয়া হবে।

গ) একই আবেদন ফরমে আবেদনকারী প্রতিষ্ঠান এক বা একাধিক কাজের তালিকাভুক্তির জন্য আবেদন করতে পারবেন।

ঘ) আবেদনপত্রসমূহ পরীক্ষা নিরীক্ষার পর মনোনীত নতুন ঠিকাদার প্রতিষ্ঠানসমূহকে তালিকাভুক্তি ফি বাবদ ৫০০০/- (পাঁচ হাজার) টাকা (অফেরতযোগ্য) চালানোর মাধ্যমে জমা দিতে হবে এবং জামানত হিসাবে যে কোন তফসীল ব্যাংক হতে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকার পে-অর্ডার (ফেরতযোগ্য) মহাপরিচালক, বাংলাদেশ বেতারের অনুকূলে জমা দিতে হবে। তাছাড়া মনোনীত বিদ্যমান (পুরনো) ঠিকাদারগণকে নবায়ন ফি বাবদ শুধুমাত্র ২,০০০/- (দুই হাজার) টাকা (অফেরতযোগ্য) চালানোর মাধ্যমে জমা দিতে হবে।

ঙ) তালিকাভুক্তির তফসীলে/ আবেদনে শর্তাবলী বিশদভাবে বর্ণিত আছে।



(মোঃ সুলতান আলী)
অতিরিক্ত প্রধান প্রকৌশলী।
ফোন নং-৮১৮১৮৮৫।